# Media Report on "Bangladesh Employment and Labour Market Watch 2019: Sectoral Challengers and Opportunities."

**Event Date: March 03, 2020**

The Financial Express

# Labour-saving tech shrinks job growth

## Economists tell PRI seminar

FE REPORT | Published: March 03, 2020 09:54:14 | Updated: March 03, 2020 10:31:59




Chairman of PRI Dr Zaidi Sattar speaking at a seminar on Bangladesh employment and labour market situation at PRI conference room in the city on Monday — FE photo

Employment growth in the manufacturing sector has decelerated in recent years, accelerated by investment in higher productivity, according to an economist.

Rizwanul Islam, visiting senior fellow of the Centre for Development and Employment Research, said the establishment of larger or medium-sized industrial units was on the rise, which contributed to the modernisation of the manufacturing process with an emphasis on productivity.

"Annual employment growth has declined sharply in recent years," he said.

The growth rate was 3.3 per cent during 2005-10, which slumped to 1.7 per cent during 2010-16, said Mr Islam.

During the same period, the annual employment in the manufacturing sector came down to 4.6 per cent from previous 6.3 per cent, he added.

He depicted the picture while presenting a paper at a seminar on "Bangladesh Employment and Labour Market Watch 2019: Sectoral Challengers and Opportunities."

Dhaka-based think-tank Policy Research Institute organised the seminar at its office in the capital.

For instance, Mr Islam said the employment in the ready-made garment sector has either stagnated or declined as the number of factories came down to 4,621 from over 5,000 in the last 10 years.

"... Unemployment rate is higher among educated youths compared to the uneducated," he added.

His study showed women participation rate in the labour force is stagnant because of the wage difference and persistent gender inequality.

He also said employment in overseas market is critical, but unpredictable.

In the paper, he said textiles, apparels, pharmaceuticals, furniture, leather and leather products witnessed lower or negative growth in employment compared to the period of 2005-06 to 2015-16 and 2015-16 to 2016-2017.

He said larger industrial units in garment and many other sectors are adopting labour-saving technologies.

"This has contributed lesser growth in jobs," he noted.

Mr Islam said the country's incentive policy is discriminatory.

The policy level incentives should be provided to other export-oriented and labour-incentive sectors to overcome the employment problem, he argued.

The centre's executive chairperson Rushidan Islam Rahman said that the number of overseas jobs was increasing because the government failed to achieve the employment generation goal mentioned in the 6th and 7th five year plans.

Of the total valuable labour force during 2016-18, only 55 per cent could be accommodated, but during 2006-2010 the rate of local employment absorption was 71 per cent, she said.

She said that it was a good sign that overseas employment was picking up momentum, "but remember, we send unskilled labour in the world market and the need of such manpower will come to an end in the coming days with robotics and other technology."

In contrast, skilled manpower from other countries comes to Bangladesh and takes away billions of dollars each year. "This is not right," she said.

PRI chairman Dr Zaidi Sattar, however, said while 40 per cent or 26 million of the labour force is currently employed in the agriculture sector, its share in economic output is only 13 per cent.

"So there is a vast pool of under employed people in our rural areas. With proper training, this surplus labour can be employed elsewhere," he said

General economics division member Shamsul Alam, said the government gave permission for setting up universities based on needs to meet the demand for skilled manpower.

"There are universities for garment, textiles, fashion, leather and ceramic studies then why there will be problem for skilled manpower in the different industries," he said.

The private sector people should pay more attention to increasing the educational level of such specialised universities, he added.

Echoing Dr Zaidi Satter, he said around 40 per cent labour force is engaged in agriculture, which contributes 13 per cent of gross domestic product.

"It is not desirable," he said.

Planning minister MA Mannan said there are some good signs that the number of technical education graduates has increased from 3.0 per cent to 18 per cent in the last 10 years.

"We're facilitating the skilled labour programme and hope it will bring better results in the coming years," he said.

He said currently the government policy is focused on import-substitute industries, but it should shift towards export-oriented sectors.

bdsmile@gmail.com

https://thefinancialexpress.com.bd/economy/bangladesh/labour-saving-tech-shrinks-job-growth-1583207654

The Daily Star
JOURNALISM WITHOUT FEAR OR FAVOUR

12:00 AM, March 03, 2020 / LAST MODIFIED: 02:19 AM, March 03, 2020

**Formulate policy to cut reliance on foreign experts, workers**

***Economists say at PRI event***



Planning Minister MA Mannan speaks at a discussion on the "Bangladesh Employment and Labour Market Watch 2019: Sector challenges and opportunities" at the Policy Research Institute (PRI) in Dhaka yesterday. Photo: Star

**Star Business Report**

Economists yesterday suggested the government formulate policies on creating skilled workforce for different sectors to reduce the huge amount of money being drained out of the country owing to hiring of foreigners.

Every year over $4 billion is remitted out of the country as salaries and allowances of foreign skilled workforce, said Rushidan Islam Rahman, executive chairperson of the Centre for Development and Employment Research (CDER).

"We are paying remittance for skilled foreign workers and Bangladesh is sending unskilled workers abroad. We need to formulate a policy to stop paying such a big amount of remittance by creating skilled workforce locally," she said.

Rahman was speaking after presenting a paper on "Is Bangladesh over-dependent on overseas employment" at a discussion on the "Bangladesh Employment and Labour Market Watch 2019: Sector challenges and opportunities" at the Policy Research Institute (PRI) in Dhaka.

Economists, government high-ups, researchers and university professors attended the discussion.

Mainly chief executive officers and managers employed in local and multinational companies were taking away $5-6 billion every year as remittance, said M Syeduzzaman, a former finance minister.

The government allows foreign workers here to take away 75 percent of their salary as remittance, he said.

"We have to have some programmes to produce skilled workforce in order to reduce such big amounts of money being remitted out every year," Syeduzzaman said.

In Bangladesh, entrepreneurs are not being encouraged to go for manufacturing, said Farooq Ahmed, secretary general of the Bangladesh Employers Federation.

So, the entrepreneurs feel encouraged to go for trade-based businesses, he said.

"We need several labour-intensive sectors to generate more jobs. Incentives are paid discriminately and a few select sectors enjoy the government benefit," said Rizwanul Islam, senior visiting fellow of the CDER and a distinguished fellow at the PRI.

Prof Shamsul Alam, senior secretary of the General Economics Division at the Planning Commission, urged district level technical training centres to play a vital role in producing skilled workforce.

Planning Minister MA Mannan said a 7-per cent economic growth over a period of eight to 10 years was impressive. "We will really be an economically developed country by 2040," he said.

https://www.thedailystar.net/business/news/formulate-policy-cut-reliance-foreign-experts-workers-1875577

**DhakaTribune**

Employment growth declining sharply amid modernization in production

Ahmed Shawki

- Published at 10:27 pm March 2nd, 2020




Discussants take part in a seminar organized by Policy Research Institute at its office in the capital on Monday, March 2, 2020 **Dhaka Tribune**

PRI Chairman Zaidi Sattar, however, said 40% or 26 million of the labour force are currently employeed in the agriculture sector and contributes only 13% of the GDP

The country's employment growth has declined sharply especially in manufacturing sector in recent years due to introduction of higher productive, speakers said.

The seminar titled "Bangladesh Employment and Labour Market Watch 2019: Sectoral Challengers and Opportunities" organized by Policy Research Institute at its office in the capital.

Speakers said tendency of setting high or medium scale industries was on the rise which contributed to the modernization of the manufacturing process and emphasis on productivity.

Rizwanul Islam, Visiting Senior Fellow of Centre for Development and Employment Research (CDER) said, "Annual employment growth has declined sharply in recent years. The growth rate was 3.3% during 2005-10 which declined to 1.7% during 2010-16,: he said while presenting a paper.

He said in the same period of time mentioned above, the annual employment in manufacturing sector came down to 4.6% from previous 6.3%.

According to Rizwan the employment in RMG sector is either stagnant and declined as number of factories came down to 4,621 from that of 5,063 in last 10 years.

"It is important to note that unemployment rate in higher in educated youth compared to uneducated,' he said.

His study showed women participation rate in the labor force is stagnant because of the wage difference and gender inequality persists.

She said that it was a good sign that overseas employment was picking momentum, "but remember, we send unskilled labor in the world market and need of such manpower will come to an end in the coming future with robotics and other technology. Meanwhile, skilled manpower from other contines come to Bangladesh and take away billions of dollars. This is not right," she said.

PRI Chairman Zaidi Sattar, however, said 40% or 26 million of the labour force are currently employeed in the agriculture sector and contributes only 13% of the GDP.

"So there is a vast pool of under employed people in our rural areas. With proper training this surplus labour can be employed elsewhere," he said

Genenral economic Division Member Shamsul Alam, said the government gave permission to set up industry need based universities to meet the skilled manpower demand.

"There are universities for garment, textiles, fashion, leather and ceramic studies then why there will be any problem for skilled manpower in the different industries. The private sector people should pay more attention to increase the educational level of such specialized universities," he said.

Planning Minister MA Mannan said there are some good sign that the technical education graduates number increased 3% to 18% in last ten years.

https://www.dhakatribune.com/business/2020/03/02/employment-growth-declining-sharply-amid-modernization-in-production

# 'Contribution of employment to growth drops drastically'

**Young people are now trying to find jobs abroad without joining the domestic labour market**

**TBS Report**

**02 March, 2020, 10:00 pm**

**Last modified: 02 March, 2020, 10:14 pm**



The country's economy has been more capital intensive over the last decade with a significant drop in the contribution of employment to GDP growth, said economists and experts on Monday.

Young people are now trying to find jobs abroad shying away from the domestic labour market, they added.

They were addressing a seminar titled "Bangladesh employment and labour market watch, 2019: Sectoral challenges and opportunities" in the capital.

The Centre for Development and Employment Research (CDER) and the Policy Research Institute (PRI) jointly organised the event.

Planning Minister MA Mannan said in spite of some issues, the country's economy has been doing well in a broader perspective.

Inequality is one of the biggest problems in the country and the government is trying to address it.

Dr Rizwanul Islam, senior visiting fellow of the CDER, said the contribution of labour employment to economic growth reduced to 27.7 percent in the 2010-2017 period from 49.75 percent in 2005-2010.

He also said some large labour intensive sectors such as textiles, footwear, electronics and furniture failed to generate jobs at a satisfactory level except the RMG sector.

The food processing sector reduced 2.84 percent of employment in the fiscal year 2016-17 and the textile sector cut 1.19 percent of jobs during the same time.

Despite many difficulties abroad, the country's youths prefer overseas jobs, said Dr Rushidan Islam Rahman, executive chairperson of the CDER.

She said only 55 percent of working age people joined the domestic job market during the 2016-2018 period. The rate was 72 percent in the 2006-2010 period.

The employment target in the last two five-year plans could not be met, she added.

The number of overseas employees is increasing but the skill composition is degrading.

The share of unskilled and semiskilled labour has fluctuated between 54 percent and 73 percent over the last decade.

"Our people are going abroad in big numbers but remitting lower amounts. On the other hand, a lower number of high skilled foreigners in Bangladesh are sending big amounts to their countries," she said.

M Syeduzzaman, former finance minister, said there should be acceptable pay gaps in several grades of jobs.

He recommended reducing the existing limit allowed for foreign workers to remit to their countries.

https://tbsnews.net/economy/contribution-employment-growth-drops-drastically-50866

প্রথম আলো




কর্মসংস্থান নিয়ে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) আয়োজিত সেমিনারে বক্তব্য দিচ্ছেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। গতকাল ঢাকার বনানীতে পিআরআইয়ের কার্যালয়ে। ছবি : প্রথম আলো

# অর্থনৈতিক প্রবৃদ্ধি বাড়লেও শিল্প খাতের কর্মসংস্থানে হতাশা

## পিআরআইয়ের সেমিনার

বেসরকারি গবেষণা প্রতিষ্ঠানটির সেমিনারে বলা হয়েছে, প্রবৃদ্ধি বাড়লেও শিল্প খাতে কর্মসংস্থানের প্রবৃদ্ধিতে বড় ধরনের পতন ঘটেছে।

- তৈরি পোশাক ছাড়া অন্যান্য খাত তেমন কর্মসংস্থান করতে পারেনি।
- রপ্তানি বৃদ্ধির জন্য সব খাতকে সমান প্রণোদনা প্রদানের পরামর্শ।
- বছরে কতজন প্রবাসী দেশে ফেরত আসেন, সেই তথ্যও নেই।

**নিজস্ব প্রতিবেদক**, *ঢাকা*

বাংলাদেশে অর্থনৈতিক প্রবৃদ্ধি হলেও কর্মসংস্থান কিন্তু হতাশাজনক। বিশেষ করে শিল্প খাতে কর্মসংস্থানের প্রবৃদ্ধিতে বড় ধনের পতন ঘটেছে। এ দেশে তৈরি পোশাক, বস্ত্র, পাদুকা, ইলেকট্রনিকস, আসবাবের মতো বেশ কয়েকটি শ্রমনিবিড় শিল্প আছে। কিন্তু তৈরি পোশাক খাত ছাড়া অন্য খাতগুলো উল্লেখযোগ্য কর্মসংস্থান করতে পারেনি। সাম্প্রতিক কয়েক বছরে তৈরি পোশাক খাতেও কর্মসংস্থান বাড়ছে না।

গতকাল সোমবার কর্মসংস্থান নিয়ে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) আয়োজিত সেমিনারের একটি মূল প্রবন্ধে আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) সাবেক বিশেষ উপদেষ্টা রিজওয়ানুল ইসলাম এসব কথা বলেন। ঢাকায় বনানীর পিআরআই কার্যালয়ে সেমিনারটি অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন পিআরআইয়ের চেয়ারম্যান জাঈদী সাত্তার।

সেমিনারে প্রবাসে বাংলাদেশের নাগরিকদের কর্মসংস্থান, কৃষি খাতে যান্ত্রিকীকরণ নিয়ে আরও তিনটি মূল প্রবন্ধ উপস্থাপন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। সেমিনারে অর্থনীতিবিদ, বর্তমান ও সাবেক আমলা, ব্যবসায়ীসহ গবেষকেরা উপস্থিত ছিলেন।

কর্মসংস্থান কমার কারণ হিসেবে রিজওয়ানুল ইসলাম বলেন, ২০১২ থেকে ২০১৯ সালে শিল্প খাতের পুঁজিনিবিড়তা (পুঁজি ও শ্রমের অনুপাত) অনেক বেড়েছে। ফলে কর্মসংস্থান কম বাড়িয়ে এবং উৎপাদনশীলতা বেশি বাড়িয়ে প্রবৃদ্ধি অর্জন করা সম্ভব হয়েছে। তাঁর মতে, বাংলাদেশের মতো দেশে উন্নয়নের প্রাথমিক পর্যায়ে শিল্প খাতে কর্মসংস্থান বৃদ্ধি অত্যন্ত জরুরি। রপ্তানি বৃদ্ধির জন্য সব খাতকে সমান প্রণোদনা দিলে আরও কয়েকটি শ্রমঘন রপ্তানি শিল্প গড়ে উঠবে বলে মনে করেন তিনি।

রিজওয়ানুল ইসলাম তাঁর প্রবন্ধে দেখান, ২০০৫ থেকে ২০১০ সাল পর্যন্ত প্রতিবছর উৎপাদন খাতে সাড়ে তিন লাখ মানুষের কর্মসংস্থান হয়েছে। ২০১০ থেকে ২০১৫-১৬ সালে এই খাতে বার্ষিক কর্মসংস্থান কমে দুই লাখে নেমে আসে। এই সময়ে তরুণদের মধ্যে বেকারত্বের হার সাড়ে ৭ শতাংশ থেকে বেড়ে ১০ দশমিক ৬ শতাংশে উন্নীত হয়েছে।

সেমিনারে 'বাংলাদেশ কি বৈদেশিক কর্মসংস্থানের ওপর বেশি নির্ভরশীল হয়ে যাচ্ছে?' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন সেন্টার ফর ডেভেলপমেন্ট অ্যান্ড এমপ্লয়মেন্ট রিসার্চের (সিডিইআর) নির্বাহী পরিচালক রুশিদান ইসলাম রহমান। তিনি বলেন, ২০০৬-২০১০ সালে মোট কর্মসংস্থানের ২৭ শতাংশ হয়েছে বিদেশে। এই হার ২০১৬-২০১৮ সালে ৪৫ শতাংশে উন্নীত হয়েছে।

তাঁর বক্তব্যের সঙ্গে দ্বিমত পোষণ করে ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়া, রিভারসাইডের ইমেরিটাস অধ্যাপক এ আর খান বলেন, একটি দেশের কত লোক প্রবাসে কাজ করেন, তা বিবেচনা করে এই হিসাব করা উচিত। এ ছাড়া কিছু প্রবাসী প্রতিবছর ফেরত আসেন। সেই তথ্য-উপাত্ত বাদ দিয়ে বিদেশে প্রকৃত কর্মসংস্থান হিসাব করা উচিত।

পিআরআইয়ের নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর বলেন, কত লোক প্রতিবছর ফিরে আসেন, তার হিসাব নেই। প্রবাসীরা বিদেশে গেলে ৩-৫ বছরের চুক্তিতে যান। তাঁরা দেশে ফিরে এসে আবার যান, তাও নতুন কর্মসংস্থান হিসেবে ধরা হয়।

### আলোচনা

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেন, 'সরকার দক্ষতার ঘাটতি মেটাতে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার দিকে বেশি জোর দিচ্ছে। দেশে বৈষম্য বাড়লেও আমরা সামনের দিকে এগিয়ে যাচ্ছি।'

পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের (জিইডি) সদস্য শামসুল আলম জানান, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় কর্মসংস্থান ও বৈষম্য দূর করার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে।

সাবেক অর্থমন্ত্রী এম সাইদুজ্জামান বলেন, দেশের শ্রমশক্তির দক্ষতার ঘাটতির জন্য প্রতিবছর ৫০০-৬০০ কোটি ডলার বিদেশি কর্মীরা নিয়ে যান।

অর্থনীতিবিদ এম এম আকাশ বলেন, শোভন চাকরি সৃষ্টি করতে হলে আনুষ্ঠানিক খাতে কর্মসংস্থান বাড়াতে হবে। এ দেশে ডিগ্রি দিয়ে দক্ষতা বিবেচনা করা হয়। কিন্তু অষ্টম শ্রেণি পাস করেও অনেকে বিশেষ ক্ষেত্রে বেশ দক্ষ হন।

বৈষম্য দূর করতে অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের দিকে নজর দিতে হবে বলে মনে করেন বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) গবেষক নাজনীন আহমেদ।

কীভাবে দক্ষতা বাড়াতে হয়, তা জানাতে ভারতের উদাহরণ টানেন এ কে খান গ্রুপের পরিচালক সালাউদ্দিন কাশেম খান।

সেমিনারে কৃষি খাতের যান্ত্রিকীকরণ নিয়ে নিয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিডিইআরের সিনিয়র ফেলো কাজী শাহাবদ্দীন।

বণিকবার্তা

আলোচনা সভায় বক্তারা

# শক্তিশালী অর্থনীতির জন্য দক্ষ জনশক্তি জরুরি

নিজস্ব প্রতিবেদক

মার্চ ০৩, ২০২০

জনশক্তি দক্ষ না হওয়ায় বিদেশে গিয়ে কর্মসংস্থানে অনেক বাংলাদেশী চ্যালেঞ্জের মুখে পড়ছেন বলে মনে করেন অর্থনীতিবিদরা। তারা বলছেন, বিপুল জনশক্তিকে দক্ষ করে গড়ে তুলে দেশে রাখা সম্ভব হলে অর্থনীতি শক্তিশালী হবে। বিভিন্ন খাতে বিদেশীদের কাজের সুযোগ না দিয়ে দেশীয় জনশক্তির দক্ষতা বাড়ানোর উদ্যোগ নিতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন তারা।

গতকাল রাজধানীতে গবেষণা প্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) সভাকক্ষে 'বাংলাদেশ এমপ্লয়মেন্ট অ্যান্ড লেবার মার্কেট ওয়াচ-
২০১৯ সেক্টরাল চ্যালেঞ্জ অ্যান্ড অপরচুনিটিজ' শীর্ষক আলোচনা সভায় এ ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করেন তারা।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সাবেক অর্থমন্ত্রী এম সাইদুজ্জামান, সাধারণ অর্থনীতি বিভাগের সিনিয়র সচিব শামসুল ইসলাম, সেন্টার ফর ডেভেলপমেন্ট অ্যান্ড এমপ্লয়মেন্ট রিসার্চের (সিডিইআর) এক্সিকিউটিভ চেয়ারপারসন ড. রুশিদান ইসালাম রহমান, অর্থনীতিবিদ রিজওয়ানুল ইসলাম প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান বলেন, আমাদের অর্থনীতি তুলনামূলক অনেক ভালো। ছোটখাটো কিছু সমস্যা থাকলেও বড় পরিসরে অনেক পরিসংখ্যানে উন্নতি হয়েছে। সেগুলোর জন্য আমরা যে পলিসি নিয়েছি, তা এখানে কাজ না করলেও বড় বড় পরিসরে অনেক পরিবর্তন আনছে। যে কারণে অনেক ধরনের ইতিবাচক পরিবর্তন আসছে।

তিনি বলেন, আমাদের ইকোনমি পিছিয়ে আছে বলা যায় ছোট ছোট ভুলের কারণে। কিন্তু বড় পরিসরে আমাদের অনেক উন্নতি হয়েছে।

সিডিইআরের এক্সিকিউটিভ চেয়ারপারসন ড. রুশিদান ইসালাম রহমান বলেন, আমাদের দেশে বড় একটি অংশ অভিবাসী শ্রমিক। কিন্তু তাদের অনেকেই অদক্ষ। তারা দক্ষতা অর্জন করে দেশে কাজের সুযোগ পেলে এ দেশের অর্থনীতির গতি ত্বরান্বিত হবে বলে মনে করেন এ অর্থনীতিবিদ। দেশে তরুণদের মধ্যে বিদেশে যাওয়ার প্রবণতা বেড়ে যাওয়ায় দেশের শ্রমশক্তির ওপর নেতিবাচক প্রভাব পড়াতে পারে বলে ধারণা করেন তিনি।

তিনি বলেন, বিদেশে কর্মসংস্থান বৃদ্ধি দুশ্চিন্তার কিছু না হলেও দেশের বাইরে কর্মসংস্থানের অনুপাত বৃদ্ধিতে দুশ্চিন্তা রয়েছে। ২০১৬-

১৮ সালের মধ্যে দেশের মোট শ্রমশক্তির ৫৫ শতাংশ দেশের ভেতরে কাজে নিয়োজিত হতে পেরেছে, যেটা এর আগের পাঁচ বছরে ৭২ শতাংশ ছিল।

তিনি আরো বলেন, আমাদের দক্ষ শ্রমশক্তি পাঠাতে হবে। সর্বত্র প্রচেষ্টা চালাতে হবে। অদক্ষ শ্রমশক্তি না পাঠি য়ে আগামী ১০-
১৫ বছরে এ হার ১০ শতাংশে নামিয়ে আনতে হবে। একই সঙ্গে সে স্থান পূরণ করতে হবে দক্ষ জনশক্তি পাঠিয়ে। তাহলে অভিবাসীদের সংখ্যা এক রেখে প্রবাসীর আয় বাড়ানো যাবে। আগামী ১০ বছরে বিদেশে বাংলাদেশীদের জন্য কর্মসংস্থান অনেক কমে যেতে পারে। কেননা চতুর্থ শিল্প বিপ্লব সেখানে কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবট ইত্যাদি ব্য বহার করে অদক্ষ শ্রমিকের কাজ প্রতিস্থাপন করবে।

https://bonikbarta.net/home/news_description/222517/শক্তিশালী-অর্থনীতির-জন্য-দক্ষ-জনশক্তি-জরুরি

## ছোটখাটো সমস্যা থাকলেও বড় খাতে অনেক উন্নতি হয়েছে: পরিকল্পনামন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক । ২ মার্চ, ২০২০ ৯:২৬ অপরাহ্ণ**

আমাদের অর্থনীতি তুলনামূলক অনেক ভালো করছে। ছোটখাটো কিছু সমস্যা থাকলেও বড় পরিসরে আমাদের অনেক স্ট্যাটিকসে উন্নতি হয়েছে বলে মন্তব্য করেছেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান।




আজ সোমবার রাজধানীর বনানীতে গবেষনা প্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) এর সভাকক্ষে ‘বাংলাদেশ এমপ্লয়মেন্ট এন্ড লেবার মার্কেট ওয়াচ-২০১৯ সেক্টরাল চ্যালেঞ্জ এন্ড অপারটুনিটিস’ শীর্ষক এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

পরিকল্পনামন্ত্রী বলেন, ছোটখাটো কিছু সমস্যা আছে সেগুলোর জন্য আমরা যে পলিসি নিয়েছি। সে পলিসিগুলো এখন কাজ না করলেও সে পলিসিগুলো বড় বড় পরিসরে অনেক পরিবর্তন আনছে। যে কারণে অনেক ধরনের স্ট্যাটিসটিক্সে অনেক ধরনের পজিটিভ ইম্প্যাক্ট আসছে।

তিনি বলেন, আমাদের ইকোনমি শুধু পিছিয়ে আছে, পিছিয়ে আছে বলা যায় ছোট ছোট ভুলের জন্য কিন্তু বড় পরিসরে আমাদের অনেক স্ট্যাটিকসে উন্নতি হয়েছে।

আলোচনা সভায় বক্তারা বলেন, আমাদেরকে দেশের বাইরে দক্ষ জনশক্তি পাঠাতে হবে। তা না হলে আগামী দশ বছর পর থেকে আমাদের শ্রম রপ্তানির পরিমাণ অনেক কমে যাবে। আগামীতে চতুর্থ শিল্প বিপ্লবের ফলে সারা বিশ্বেই দক্ষ জনশক্তির অভাব তৈরি হবে। এজন্য আমাদের শ্রমশক্তিকে দক্ষ হিসেবে গড়ে তুলতে হবে।

এ সম্পর্কে সিডিএআর এক্সিকিউটিভ চেয়ারম্যান ড. রুশিদান ইসলাম রহমান বলেন, আমাদের দক্ষ শ্রমশক্তি পাঠাতে হবে। সর্বাঙ্গীণ প্রচেষ্টা চালাতে হবে অদক্ষ শ্রমশক্তি না প্রেরণ করে আগামী ১০ থেকে ১৫ বছরে সেটার অংশ ১০ শতাংশে নামিয়ে আনা আর সেই স্থান পূরণ করতে হবে দক্ষ জনশক্তি প্রেরণ করে তাহলে অভিবাসীদের সংখ্যা এক রেখে প্রবাসী আয় একই থাকবে।

তিনি বলেন, আগামী দশ বছরে বিদেশে বাংলাদেশিদের জন্য কর্মসংস্থান অনেক কমে যেতে পারে। চতুর্থ শিল্প বিপ্লব সেখানে, কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবট ইত্যাদি ব্যবহার করে অদক্ষ শ্রমিকের কাজ প্রতিস্থাপন করা হবে। সেটা আগামী ১০ বছরে প্রসার লাভ করবে ফলে অদক্ষ অভিবাসন হঠাৎই দ্রুত কমে যাবে তার জন্য আমাদের প্রস্তুত থাকতে হবে।

আমরা অদক্ষ শ্রমশক্তি বিদেশে পাঠাচ্ছি অন্যদিকে বিদেশের উচ্চ দক্ষতা সম্পন্ন শ্রমশক্তি এসে ৩ থেকে ৪ মিলিয়ন ডলার বেতন হিসেবে নিয়ে যাবে এটা কি আমাদের দেশের জন্য কাঙ্খিত প্রশ্ন রাখেন তিনি।

এছাড়া এক প্রতিবেদনে শিল্পখাতের কর্মসংস্থানের চিত্র তুলে ধরে সিডিইআর এর ফেলো রিজওয়ানুল ইসলাম বলেন, অর্থনৈতিক প্রবৃদ্ধির ক্ষেত্রে বাংলাদেশের অর্জন খুবই উল্লেখযোগ্য কিন্তু কর্মসংস্থানের ক্ষেত্রে তা হতাশাব্যঞ্জক। সার্বিক অর্থনীতিতে এবং শিল্প খাতে কর্মসংস্থানের প্রবৃদ্ধিতে বড় ধরনের পতন ঘটেছে।

তিনি বলেন, শিল্প খাতে কর্মসংস্থানের প্রভৃতি এত কমে যাওয়াটা বিশেষ দুশ্চিন্তার ব্যাপার। কারণ এই খাতে শ্রমিক উৎপাদিকা এবং মজুরি সাধারণত কৃষির চাইতে বেশি। বাংলাদেশের মতো দেশে উন্নয়নের প্রাথমিক পর্যায়ে এই খাতে কর্মসংস্থান বৃদ্ধি পাওয়া অত্যন্ত জরুরী।

শিল্প খাতে কর্মসংস্থান বৃদ্ধির বিষয়ে তিনি বলেন, এক্ষেত্রে শিল্পখাতের গঠনে বৈচিত্র আনাও অত্যন্ত জরুরী। আমদানি প্রতিস্থাপন শিল্পকে বিশেষ সুরক্ষা দেওয়া ভালো শিল্পনীতির নয় এই ধরনের শিল্প এবং রপ্তানিমুখী শিল্পের মধ্যে কোন বৈষম্য রাখা উচিত নয়। যদি কোন রপ্তানিমুখী শিল্প বিশেষ বাধার সম্মুখীন হয় তবে তাদেরকে সে সব বাধা অতিক্রম করার জন্য প্রয়োজনীয় সহায়তা দেওয়া উচিত।

http://www.arthosuchak.com/archives/565677/ছোটখাটো-সমস্যা-থাকলেও-বড়/

যুগান্তর

পিআরআই-সিডিইআর'র সেমিনারে বক্তারা

# কর্মসংস্থান বৃদ্ধির চ্যালেঞ্জে দেশ

বিদেশি শ্রমিকরা নিয়ে যাচ্ছে বছরে ৩-৪ বিলিয়ন ডলার

যুগান্তর রিপোর্ট ০৩ মার্চ ২০২০, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

জিডিপি প্রবৃদ্ধি অর্জনের ব্যাপক অগ্রগতি থাকলেও কর্মসংস্থানে রয়েছে হতাশা। অর্থাৎ কর্মসংস্থান বিশেষ করে শোভন কর্মসংস্থান বাংলাদেশের জন্য অন্যতম চ্যালেঞ্জ। সার্বিকভাবে এবং বিশেষ করে শিল্প খাতে কর্মসংস্থানের প্রবৃদ্ধিতে বড় ধরনের পতন ঘটেছে। শিল্প খাতে কর্মসংস্থানের প্রবৃদ্ধি এত কমে যাওয়াটা বিশেষ দুশ্চিন্তার বিষয় হয়ে দাঁড়িয়েছে। কারণ এ খাতে শ্রমের সুযোগ এবং মজুরি সাধারণত কৃষির চাইতে বেশি। বাংলাদেশের মতো অর্থনীতির দেশে উন্নয়নের প্রাথমিক পর্যায়ে শিল্প খাতে কর্মসংস্থান বৃদ্ধি করাটা অত্যন্ত জরুরি। সোমবার পলিসি রিসার্স ইন্সটিটিউট (পিআরআই) আয়োজিত সেমিনারে বক্তারা এসব কথা বলেন। রাজধানীর বনানীতে সংস্থাটির কার্যালয়ে আয়োজিত সেমিনারে সহযোগী আয়োজক ছিল সেন্টার ফর ডেভেলপমেন্ট অ্যান্ড এমপ্লয়মেন্ট রিসার্স (সিডিইআর)। এতে আরও বলা হয়েছে- এ দেশ থেকে অদক্ষ শ্রমিক বিদেশে গেলেও বিদেশ থেকে দক্ষ শ্রমিক এসে বছরে ৩-৪ বিলিয়ন ডলার বেতন হিসেবে নিয়ে যাচ্ছেন। এটা চলতে দেয়া যায় না।

'বাংলাদেশ এমপ্লয়মেন্ট অ্যান্ড লেবার মার্কেট ওয়াচ-২০১৯ : সেক্টরাল চ্যালেঞ্জ অ্যান্ড অপরচ্যুনিটিস' শীর্ষক এ সেমিনারে সভাপতিত্ব করেন পিআরআই চেয়ারম্যান জাইদী সাত্তার। এতে প্রধান অতিথি ছিলেন পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান। বিশেষ অতিথি ছিলেন সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য ড. শামসুল আলম। প্রবন্ধ উপস্থাপন করেন পিআরআই'র সম্মানীয় ফেলো ড. রিজওয়ানুল ইসলাম, সিডিইআর'র নির্বাহী চেয়ারপারসন ড. রুশিদান ইসলাম রহমান, সিডিইআর'র সিনিয়র ফেলো ড. কাজী শাহবুদ্দিন। আলোচক ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এমএম আকাশ ও বিআইডিএস সিনিয়র রিসার্স ফেলো ড. নাজনীন আহমেদ। মূল প্রবন্ধে ড. রিজওয়ানুল ইসলাম বলেন, কর্মসংস্থানের প্রবৃদ্ধির হার কেন এত কমে গেছে- এ বিষয়ে তেমন কোনো গবেষণা হয়নি। প্রাথমিক বিশ্লেষণে কয়েকটি বিষয় উঠে আসে। এগুলো হল- ২০০৫-০৬ সময়কালে উৎপাদন বৃদ্ধিতে উৎপাদনশীলতা বৃদ্ধি এবং কর্মসংস্থান দুইয়েরই অবদান প্রায় সমান ছিল; কিন্তু ২০১০ থেকে ২০১৬-১৭ সময়কালে এটি বদলে যায়। দেখা যায়- এ সময়ে উৎপাদনশীলতা বৃদ্ধির অবদান কর্মসংস্থানের চাইতে অনেক বেশি। ২০১২ থেকে ২০১৯ সময়কালে শিল্প খাতের পুঁজিনিবিড়তা (অর্থাৎ পুঁজি এবং শ্রমের অনুপাত) অনেক বেড়ে যায় । ফলে কর্মসংস্থান কম বাড়িয়েও উৎপাদনশীলতা বেশি বাড়িয়ে প্রবৃদ্ধি অর্জন সম্ভব হয়েছে। এছাড়া বেশ কয়েকটি শ্রম-নিবিড় শিল্প যেমন- তৈরি পোশাক, বস্ত্র, জুতা, ইলেকট্রনিক্স, আসবাব ইত্যাদি থাকা সত্ত্বেও শুধু একটি শ্রম-নিবিড় শিল্প তৈরি পোশাকই উল্লেখযোগ্য হারে প্রবৃদ্ধি অর্জন করেছে। এ খাতই কেবল বেশি কর্মসংস্থান সৃষ্টি করতে পেরেছে। তবে পোশাক খাতে সাম্প্রতিককালে কর্মসংস্থান বাড়ছে বলে মনে হয় না। কর্মসংস্থান বাড়াতে এ খাতের গঠনে বৈচিত্র্য আনা অত্যন্ত জরুরি। রফতানি বৃদ্ধির জন্য প্রণোদনা একটি শিল্পের মধ্যে সীমাবদ্ধ না রেখে সব খাতের জন্য সমানভাবে দেয়া প্রয়োজন। যদি কোনো রফতানিমুখী শিল্প বিশেষ বাধার সম্মুখীন হয়, তবে তাদের সেসব বাধা অতিক্রম করার জন্য প্রয়োজনীয় সহায়তা দেয়া উচিত।

রুশিদান ইসলাম রহমান বলেন, বিআইডিএস'র তথ্যমতে অভিবাসী হয়ে যারা বিদেশ যায় তারা যে দুঃখ বা কষ্টের মধ্যদিয়ে যায়, সেটি তত জানা যায় না। কিন্তু তাদের পাঠানো অর্থ বিদেশি কর্মসংস্থানের একটি উজ্জ্বল চিত্র দেখায়। সেটা তরুণদের বিদেশ যাওয়ার আগ্রহ বাড়ায়। দেশে শ্রমশক্তিতে অংশগ্রহণে বা দক্ষতা বৃদ্ধিতে নিরুৎসাহিত করে। ২০০০ সাল থেকে ২০১০ সাল পর্যন্ত দেশে তরুণদের শ্রমশক্তিতে অংশগ্রহণের হার ৪৭ দশমিক ৪ শতাংশ থেকে বেড়ে হয়েছিল ৫৩ দশমিক ২ শতাংশ। অথচ ২০১০ সাল থেকে ২০১৭ সালে তা কমে দাঁড়িয়েছে ৪৭ দশমিক ৪ শতাংশে। বিদেশে শ্রমিক পাঠানো নিরুৎসাহিত নয় বরং অদক্ষ বা প্রায় অদক্ষ শ্রমিক পাঠানো আগামী ১০-১৫ বছরে ১০ শতাংশে নামিয়ে আনতে হবে। সেই শূন্যস্থান পূরণ করতে দক্ষ শ্রমশক্তি পাঠাতে হবে। তাহলে অভিবাসীর সংখ্যা কমিয়েও রেমিটেন্স একই থাকবে। তিনি বলেন, আগামী ১০ বছরে চতুর্থ শিল্প বিপ্লবের কারণে কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবট ইত্যাদির ব্যবহার বাড়ছে। ফলে অদক্ষ শ্রমিকদের অভিবাসন হঠাৎই দ্রুত কমে যাবে। এজন্য প্রস্তুতি নিতে হবে। আমরা অদক্ষ শ্রমিক বিদেশে পাঠাচ্ছি। অন্যদিকে উচ্চক্ষমতাসম্পন্ন বিদেশি শ্রমিক এ দেশে এসে বছরে ৩-৪ বিলিয়ন ডলার নিয়ে যাচ্ছেন।

পরিকল্পনামন্ত্রী বলেন, বৃহত্তর পরিসরে দেখলে বাংলাদেশের অর্থনীতি অনেক ভালো করছে। তবে ক্ষুদ্র পরিসরে কিছু জায়গায় সমস্যা রয়েছে। সেগুলো সমাধানে আমরা নীতি-পরিকল্পনা বাস্তবায়ন করছি। তবে তথ্যের ঘাটতি রয়েছে। প্রতি বছর কত কর্মসংস্থান হচ্ছে এবং কোন কোন জায়গায় তারা কাজ করছে এসব হালনাগাদ তথ্য পাওয়া যাচ্ছে না। তবে আগামী বছর জনশুমারি হলে এর একটি পূর্ণাঙ্গ এবং হালনাগাদ চিত্র পাওয়া যাবে।

ড. শামসুল আলম বলেন, অর্থনীতির অনেক জায়গায় এখনও সুযোগ রয়েছে। যেমন- কৃষি যান্ত্রিকীকরণের ব্যাপক বিনিয়োগ হতে পারে। কৃষিতে বড় আকারে ফার্ম করার সুযোগ আছে। কিন্তু উদ্যোক্তারা কেন এটা করছেন না। অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমরা কর্মসংস্থান তৈরির জন্য নানা উদ্যোগ রাখছি।

ড. এমএম আকাশ বলেন, এ দেশে শিক্ষিত তরুণদের কাজের জায়গা কম। অশিক্ষিত বা অদক্ষ শ্রমিকদের জন্য কাজের স্থান রয়েছে। কিন্তু সেটি হচ্ছে প্রায় ৮৫ শতাংশ অপ্রাতিষ্ঠানিক খাতে। আর প্রায় ১৫ শতাংশ হচ্ছে প্রাতিষ্ঠানিক খাতে। দেশের লেখাপড়ার সঙ্গে কর্মের সম্পর্ক নেই। তবে কৃষিতে যান্ত্রিকীকরণের ফলে গ্রামে এক সময় কৃষি শ্রমিকরা কাজ করতে পারবেন বলেও আশঙ্কা প্রকাশ করেন তিনি। ড. নাজনীন আহমেদ বলেন, দেশে বৈষম্য বাড়ছে। ক্ষুদ্র ও মাঝারি শিল্পে দক্ষতা বৃদ্ধির উদ্যোগ থাকতে হবে। তিনি বলেন, চালের ক্ষেত্রে যেমন দেখা যায় চকচকে পলিসিং করা হয়। এতে কেজিতে দাম বাড়ে ৩-৪ টাকা। তবে এর ফলে পুষ্টিমান বাড়ে না বরং কমার সম্ভাবনা থাকে। তাই এ ধরনের যন্ত্রাংশ আমদানিতে নিরুৎসাহিত করতে হবে।

https://www.jugantor.com/todays-paper/news/284678/কর্মসংস্থান-বৃদ্ধির-চ্যালেঞ্জে-দেশ

BANGLA NEWS 24.com

# ছোট সমস্যা থাকলেও বড় খাতে উন্নতি হয়েছে: পরিকল্পনামন্ত্রী

সিনিয়র করেসপন্ডেন্ট | বাংলানিউজটোয়েন্টিফোর.কম
আপডেট: ২০২০-০৩-০২ ৯:৪৪:০০ পিএম



পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান, ফাইল ফটো

**ঢাকা:** আমাদের অর্থনীতি তুলনামূলক অনেক ভালো করছে, ছোটখাটো কিছু সমস্যা থাকলেও বড় পরিসরে অনেক স্ট্যাটিকসে উন্নতি হয়েছে বলে জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান।

সোমবার (০২ মার্চ) রাজধানীর বনানীতে গবেষণা প্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) এর সভাকক্ষে 'বাংলাদেশ অ্যাপয়েন্টমেন্ট অ্যান্ড লেবার মার্কেট ওয়াচ-২০১৯ সেক্টরাল চ্যালেঞ্জ অ্যান্ড অপারটুনিটিস' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

মন্ত্রী বলেন, অর্থনীতিতে ছোটখাটো কিছু সমস্যা আছে। সেগুলোর জন্য আমরা যে পলিসি নিয়েছি, তা এখানে কাজ না করলেও বড় বড় পরিসরে অনেক পরিবর্তন আনছে। যে কারণে অনেক ধরনের স্ট্যাটিসটিক্সে অনেক ধরনের পজেটিভ ইম্প্যাক্ট আসছে।

তিনি বলেন, আমাদের ইকোনমি পিছিয়ে আছে বলা যায় ছোট ছোট ভুলের জন্য। কিন্তু বড় পরিসরে আমাদের অনেক স্ট্যাটিকসে উন্নতি হয়েছে।

সভায় বক্তারা বলেন, আমাদের দেশের বাইরে দক্ষ জনশক্তি পাঠাতে হবে। তা না হলে আগামী দশ বছর পর থেকে আমাদের শ্রম রপ্তানির পরিমাণ অনেক কমে যাবে। আগামীতে চতুর্থ শিল্প বিপ্লবের ফলে সারাবিশ্বেই দক্ষ জনশক্তির অভাব তৈরি হবে। এজন্য আমাদের শ্রমশক্তিকে দক্ষ হিসেবে গড়ে তুলতে হবে।

এ সম্পর্কে সিডিএআর এক্সিকিউটিভ চেয়ারম্যান ড. রুশিদান ইসলাম রহমান বলেন, আমাদের দক্ষ শ্রমশক্তি পাঠাতে হবে। সর্বত্র প্রচেষ্টা চালাতে হবে। অদক্ষ শ্রমশক্তি না পাঠিয়ে আগামী ১০ থেকে

১৫ বছরে সেটার ১০ শতাংশে নামিয়ে আনতে হবে। একইসঙ্গে সেইস্থান পূরণ করতে হবে দক্ষ জনশক্তি পাঠিয়ে। তাহলে অভিবাসীদের সংখ্যা এক রেখে প্রবাসী আয় বাড়ানো যাবে।

তিনি বলেন, আগামী দশ বছরে বিদেশে বাংলাদেশিদের জন্য কর্মসংস্থান অনেক কমে যেতে পারে। কেননা, চতুর্থ শিল্প বিপ্লব সেখানে কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবট ইত্যাদি ব্যবহার করে অদক্ষ শ্রমিকের কাজ প্রতিস্থাপন করবে।

বাংলাদেশ সময়: ২১২৮ ঘন্টা, মার্চ ০২, ২০২০

https://www.banglanews24.com/economics-business/news/bd/774846.details